

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার  
দুর্যোগব্যবস্থাপনাঅধিদপ্তর  
দুর্যোগব্যবস্থাপনাভবন  
৯২-৯৩, মহাখালী, ঢাকা-১২১২।  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারকনং-৫১.০১.০০০০.০০৩.১৮.৩৩৩.১০. ৬৬৬

তারিখঃ ১০.১০.২০২১ খ্রি.


অফিস আদেশ  
বিভাগীয় মামলা নং-১১/২০২১

যেহেতু, জনাব মোঃ নুরুন্নবী সরকার প্রাক্তন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ২য় শ্রেণি, বান্দরবান সদর, বান্দরবান এর বিরুদ্ধে অভিযোগ তীকে বাঘইছড়ি, রাঙ্গামাটি থেকে বান্দরবান সদর উপজেলায় বদলী করা হলে এবং ঐ কর্মস্থলে প্রশাসনিক কারনে ০৬.০৫.২০২১ তারিখ থেকে তাৎক্ষণিক অবমুক্তির আদেশ দেয়া হলে তিনি লিখিতভাবে জানান কোনভাবেই বদলীকৃত কর্মস্থলে যোগদান করা সম্ভব নয়। তীকে ২৮.০৫.২০২১ তারিখের মধ্যে নতুন কর্মস্থলে যোগদানের জন্য আদেশ দেয়া হলেও ডিআরআরও বান্দরবান জানান ৩১.০৫.২০২১ তারিখ পর্যন্ত ঐ কর্মস্থলে যোগদান করেন নি। কর্তৃপক্ষের ন্যায় সজ্ঞাত আদেশ অমান্য করায় তীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) ধারায় অসদাচরণের অভিযোগ আনা হয়; দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়। ব্যক্তিগত শুনানীর পর তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, উল্লেখিত অভিযোগের কারণে তীর বিরুদ্ধে অভিযোগনামা গঠন করে অধিদপ্তর হতে গত ০৬.০৬.২০২১ তারিখে ৫১.০১.০০০০.০০৩.১৮.৩৩৩.১০.৪৬৩ নং স্মারকে অভিযোগ বিবরণীসহ তীর বরাবরে প্রেরণ করা হয়। তিনি গত ৩০.০৬.২০২১ তারিখে অভিযোগনামার জবাব দাখিল করেন। অভিযোগের বিষয়ে আরও তথ্য অনুসন্ধানের জন্য এ অধিদপ্তরের পরিচালক (কাবিখা) জনাব অঞ্জন চন্দ্র পাল(উপসচিব)কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত করে গত ২১.০৯.২০২১ তারিখে ৫১.০১.০০০০.০৯.০২৫.০১.২১.০৬ নং স্মারকে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, তীর কারণ দর্শানোর জবাবের ভাষা গ্রহণযোগ্য নয় এবং নির্ধারিত তারিখে বদলীকৃত কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের আদেশ অমান্য করেছেন। অভিযুক্ত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (২য় শ্রেণি) জনাব মোঃ নুরুন্নবী সরকারকে কর্তৃপক্ষের ন্যায় সংগত আদেশ অমান্য করায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) ধারায় দোষী সাব্যস্ত করে একই বিধিমালা ৪(২) এর (খ) ধারা মতে লঘুদণ্ড হিসেবে দুইটি বার্ষিক বর্ধিত বেতন দুই বছরের জন্য স্থগিত করে তীর বিরুদ্ধে রুজুকৃত ১১/২০২১ নং বিভাগী মামলাটি নিষ্পত্তির আদেশ দেয়া হয়েছে। তীর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে সাময়িক বরখাস্তকালীন সময় ছুটিকাল হিসেবে গণ্য হবে এবং তীর অর্জিত ছুটি হতে বাদ যাবে মর্মেও আদেশে উল্লেখ করা হয়েছে।

সেহেতু, জনাব মোঃ নুরুন্নবী সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (২য় শ্রেণি), প্রধান কার্যালয় (প্রাক্তন পিআইও, বাঘইছড়ি, রাঙ্গামাটি) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ০৩ এর (খ) অনুযায়ী অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করে লঘু দণ্ড হিসেবে একই বিধির ৪ এর ২ এর (খ) ধারামতে দুইটি বার্ষিক বর্ধিত বেতন দুই বছরের জন্য স্থগিত করে তীর বিরুদ্ধে রুজুকৃত ১১/২০২১ নং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো এবং তীর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। এ আদেশ ৩০.০৯.২০২১ তারিখ হতে কার্যকর হবে।

 ৩০.১০.২০২১

(ড.মোঃ হাবিব উল্লাহ বাহার)  
(উপসচিব)  
উপপরিচালক (প্রশাসন-১)  
ফোন-৯৮৬১৩৬০



অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। জেলাপ্রশাসক, বান্দরবান /রাঙ্গামাটি।
- ০৪। উপপরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বান্দরবান সদর / বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
- ০৮। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বান্দরবান / রাঙ্গামাটি।
- ০৯। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বান্দরবান /রাঙ্গামাটি।
- ১০। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, বান্দরবান সদর / বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
- ১১। জনাব মোঃ নুরুন্নবী সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।



২০.১০.২০২১  
(ড.মোঃ হাবিব উল্লাহ বাহার)

(উপসচিব)

উপপরিচালক (প্রশাসন-১)

ফোন-৯৮৬১৩৬০

